

রিটার্ন জমার সময় বাড়ান: চট্টগ্রাম চেম্বার

- A Monitor Desk Report

Date: 25 November, 2021



২০২১-২০২২ কর বর্ষের ব্যক্তি শ্রেণী করদাতাদের আয়কর রিটার্ন জমা দেয়ার সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি করতে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যানের প্রতি আহ্বান জানিয়েছে চট্টগ্রাম চেম্বার।

গতকাল বুধবার এনবিআর চেয়ারম্যান আবু হেনা মো: রহমাতুল মুনিমের কাছে পাঠানো এক পত্রে এই অনুরোধ জানান চট্টগ্রাম চেম্বারের সভাপতি মাহবুবুল আলম।

বিবৃতিতে তিনি বলেন, দেশের অর্থনৈতিক ভিত্তি সুদৃঢ়করণ ও উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে জাতীয় রাজস্ব বোর্ড আয়কর, মুসক ও শুল্কের মাধ্যমে রাজস্ব সংগ্রহ করে থাকে। এক্ষেত্রে বর্তমান সরকার ঘোষিত নতুন করদাতার সংখ্যা বৃদ্ধির কোন বিকল্প নেই। সর্বস্তরের করদাতাদের সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সমৃদ্ধিতে অংশগ্রহণ এবং কর প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে রিটার্ন দাখিলের সময়সীমা যৌক্তিকভাবে বৃদ্ধি করা হয়। চেম্বার সভাপতি বলেন, আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা ৩০ নভেম্বর নির্ধারণ করা আছে। তবে বিশ্বব্যাপী করোনা ভাইরাসজনিত উদ্ভূত পরিস্থিতি এবং আমাদের অর্থনীতিতে এর প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবের কারণে অনেক করদাতার পক্ষে এই নির্ধারিত সময়ে মধ্যে রিটার্ন দাখিল করা সম্ভব হবে না বলে মনে হয়।

এ প্রেক্ষাপটে, অধিক পরিমাণ রাজস্ব আদায়ের পাশাপাশি দেশে করবান্ধব পরিবেশ অক্ষুণ্ণ রাখার স্বার্থে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক ২০২১-২০২২ ইং কর বর্ষের ব্যক্তি শ্রেণী করদাতার আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি করতে অনুরোধ জানিয়েছেন চিটাগাং চেম্বার সভাপতি মাহবুবুল আলম।